মেহেরপুরের সবরী কলা যাচ্ছে দেশের বিভিন্ন জেলাতে

সবরী কলার রাজধানী মেহেরপুর জেলা থেকে প্রতিদিন অর্ধশত ট্রাক কলা যাচ্ছে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে যাচ্ছে। ট্রাকভর্তি হওয়ার পূর্বে এভাবেই কলা সাজিয়ে রাখেন কৃষকরা। কলার এই ছবিটি তোলা হয়েছে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর মাঠের মধ্যে থেকে।

ছবিটি তুলেছেন জুলফিকার আলী কানন

আমঝুপি-শ্যামপুর সড়কে ঠিকাদারের কাজ করে দিয়েছে সড়ক বিভাগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি-মদনা-শ্যামপুর সড়কে ৪২ লাখ ৬৯ হাজার টাকা বরাদ্দে চার কিলোমিটার সড়কের সংস্কার কাজের জন্য দরপত্র দেয় সড়ক ও জনপথ বিভাগ। যে কাজটি পায় মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের মালিকানাধীন ঠিকাদারী প্রতিষ্ঠান সেলিনা এন্টারপ্রাইজ।

দরপত্র হওয়ার পরও ওই সড়কে রক্ষণাবেক্ষণ বরাদ্দ থেকে ভাঙাচোরা মেরামত করিয়েছেন সড়ক বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মিজানুর রহমান। ফলে সরকারি অর্থ তছরুপাতের সম্ভাবনা দেখা দিয়েছে।

গত বছরের নভেম্বর মাসে কাজের ওয়ার্ক অর্ডার দেওয়া হলেও চলতি বছরের মে মাসেও কাজ শুরু হয়নি। তবে এর মধ্যে সড়ক ও জনপথ বিভাগের সচিবের পরিদর্শনের দোহায় দিয়ে ভাঙা চোরার কাজ করেছে সড়ক ও জনপথ বিভাগের খরচে। অথচ ভাঙা কাজের জন্য দরপত্রে বরাদ্দ দেওয়া রয়েছে ১লাখ ৭৪ হাজার টাকা।

সরেজমিনে দেখা গেছে, সড়ক ও জনপথ বিভাগের রক্ষণাবেক্ষণের ট্রাক

গিয়ে বিভিন্ন স্থানের ভাঙাচোরা সংস্কার করে। স্থানীয়রা জানান, কয়েকদিন ধরে সড়ক ও জনপথ বিভাগের লোকজ ট্রাক নিয়ে এসে ভাঙাচোরা কাজ করে গেছে। শুনেছি, এই রাস্তার টেণ্ডার হয়েছে। কিন্তু কেন যে কাজ শুরু হচ্ছে না তা জানিনা।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের উপ-সহকারী প্রকৌশলী শাহীন উদ্দিন এ কাজের দায়িত্বে রয়েছেন। তিনি জানান, আগামীকাল (আজ) থেকে কাজ শুরু করার কথা। তবে সড়ক বিভাগ থেকে যে কাজ করা হয়েছে তা বরাদ্দ থেকে সমন্বয় করা হবে।

তবে, সড়ক ও জনপথ বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মিজানুর রহমান প্রথমে স্বীকার না করলেও পরে বলেন, সচিব স্যারের মেহেরপুরে কর্মসূচী ছিলেন। সে কারণে জেলার যে যে সড়কে ভাঙা চোরা ছিলো সেগুলো মেরামত করা হয়েছে। ওই হিসেবে ওই সড়কও মেরামত করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১২ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১২ আসামি গ্রেফতার হয়েছেন।

আসামিদের মধ্যে নিয়মিত মামলার ৪ আসামি, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৫ ও সিআর মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছেন।
গতকাল সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (১৬ মে) ভোররাত পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম একাধিক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম এই আসামি গ্রেফতার অভিযানে অংশ নেন।

সংশ্লিষ্ট তিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার (১৬ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

সুদের বিনিময়ে নারীদের জিম্মি করায় আমঝুপির উত্তমের কাজ (সালিসের ভিডিওসহ)

সুদের টাকা দিতে না পারলে ব্ল্যাকমেল করে একাধিক নারীর সাথে শারিরীক সম্পর্ক করেন স্বর্ণকার উত্তম কুমার কর্মকার। বিষয়টি নিয়ে অভিযোগ পেয়ে ইউপি চেয়ারম্যানের বিচারে সাজা “দেড় লাখ টাকা জরিমানা ও ১০ বার কান ধরে ওঠ বস”। এই বিচার ভুক্তভোগী পরিবার মানতে নারাজ।

তারা পুনরায় বিচারের দাবীতে বাজারের ব্যবসায়ীদের গণস্বাক্ষর নিচ্ছেন। তবে বাজার কমিটির সভাপতির আশ্বাস সুষ্ঠ বিচার হবে। নারী ভক্ষণকারী উত্তম কুমাার র্কমকারের বিচারের দাবীতে এবার ফুঁসে উঠেছে বাজারের সব ব্যবসায়ী।

ঘটনাটি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের। অভিযুক্ত উত্তম কুমার কর্মকার আমঝুপি বাজারের শ্রী শ্রী মাতৃ জুয়েলার্স ও বস্ত্র বিতানের মালিক।

এদিকে, আমঝুপি চেয়ারম্যানের উপস্থিতিতে সালিশে উত্তম কুমার কর্মকারের কানধরে উঠবস করার ১৩ সেকেণ্ডের ভিডিও সামাজিক যোগযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। ভিডিওটি মেহেরপুর প্রতিদিনের হাতে এসেও পৌছেছে।

স্থানীয়রা জানান, এলাকার শীর্ষ সুদখোর আমঝুপি গ্রামের হালদারপাড়া এলাকার জামিনি কর্মকারের ছেলে উত্তম কুমার কর্মকার। এলাকার মানুষকে চড়া সুদে টাকা দিয়ে থাকেন এই সুদখোর। তার হাত

করার পাশাপাশি তাদের ঘরের নারীদের ব্ল্যাকমেল করে সম্ভ্রম হানী করছে। তার বিরুদ্ধে আমঝুপির সকল ব্যবসায়ী ফুঁসে উঠেছেন।

এই বিষয়ে ভুক্তভোগী বলয় কুমার একটি লিখিত অভিযোগ দেবে বলেছেন। লিখিত অভিযোগে ওই পরিবারটি স্থানীয় ব্যবসায়ীদের স্বাক্ষর নিচ্ছেন। আমি লিখিত অভিযোগ পেলে তার বিরুদ্ধে সকল ব্যবসায়ীরা শালিস বৈঠকে মিলিত হবো।

আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ চুন্নু বলেন, আমি প্রথমে ভূক্তভোগীদের আইন আদালতের আশ্রয় নিতে বলেছিলাম। তারা যায়নি, আমাকে বিচার করার জন্য বলেছিল। আমি কিছু ভিডিও দেখেছি। আমি বিচার করে দিয়েছি। আমার বিচারে বলয়ের ভাইয়ের ছেলে প্রদীপ হালদার মানছেনা। তারা বলছে আমরা নিজেরা উত্তম কুমারের বিচার করবো। আজ (গতকাল) রবিবার সন্ধ্যায় আমার কাছে এসে এসব কথা বলে গেছে। আমি তাদের বলেছি তাহলে তোমরা যাও যেভাবে পারো বিচার করা। তারা চলে গেছে।

তবে অভিযুক্ত উত্তম কুমার কর্মকারকে ফোন করলে তার স্ত্রী ফোন রিসিভ করে জানান, উত্তম ফোন রেখে গেছে।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, এধরনের কোনো ঘটনা ঘটলে আইনের আশ্রয় নেওয়া উচিৎ। এটা শালিস অযোগ্য বিষয়।

মেহেরপুরের আমদহ ইউনিয়ন জামাতের সেক্রেটারি গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগরে অভিযান চালিয়ে আমদহ ইউনিয়ন জামাতের সেক্রেটারি আব্দুল কুদ্দুস (৪৫) কে গ্রেফতার করেছে পুলিশ।

রবিবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম তার নিজ বাসভবন থেকে তাকে গ্রেফতার

করে। গ্রেফতারকৃত আব্দুল কুদ্দুস চকশ্যামনগর গ্রামের আফজাল হোসেনের ছেলে।

ওসি সাইফুল ইসলাম জানান, আব্দুল কুদ্দুস সরকার বিরোধী আন্দোলনের নাশকতা মামলার আসামি। সোমবার সকালে আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়েছে ।

মুজিবনগরে বিশ্ব মা’ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

‘শেখ হাসিনার বারতা, নারী-পুরুষ সমতা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব মা’ দিবস পালন উপলক্ষে মুজিবনগর উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ রোববার (১৪ মে) দুপুরে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাসহ নানা শ্রেণীপেশার মানুষের অংশগ্রহনে একটি র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদঙ্গিণ শেষে উপজেলা পরিষদ চত্ত্বরে এসে শেষ হয়।

র্যালি শেষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা এর সভাপতিত্বে উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য দেন উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের জেন্ডার প্রমোটর নূরুননেছা খাতুন।

অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ট্রেড প্রশিক্ষক আসিয়া খাতুন।

[redacted]

[redacted]

মেহেরপুরে আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করায় একজনের সাজা

আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করায় সোনা ভানু নামের এক মহিলাকে সাজা প্রদান করেছেন মেহেরপুরের সিনিয়র জুডসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত।

আদালতের বিচারক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ আজ রবিবার বিকেলে এই দন্ডাদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানা যায়, রবিবার বিকাল সাড়ে ৩ টার দিকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতের এজলাস কক্ষে সি,আর ১৮০/২২নং মামলার সাক্ষ্য গ্রহন শুনানি চলছিলো। সেসময় ঐ মামলার পলাতক আসামি মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিসার পাড়ার জাহিদ হোসেনের স্ত্রী মোছাঃ সোনাভানু আদালতে উপস্থিত হয়ে চিৎকার চেচামেচি, উন্মুক্ত আদালতে বাদী ও বাদীপক্ষের বিজ্ঞ আইনজীবীকে উদ্দেশ্য করে অপমানজনক ও অশালিন ভাষা ব্যবহার এবং আদালতের কাজে বিঘ্ন সৃষ্টি করেন।

আদালত বার বার তাকে নিষেধ এবং সতর্ক করলেও তিনি উক্ত কার্যকলাপ পুনরাবৃত্তি করতে থাকেন। এতে আদালতের ভাবমুর্তি ক্ষুন্ন এবং বিচার কাজে অযাচিত বিঘ্ন সৃষ্টি হয়।
আসামির উক্ত কার্য দন্ডবিধির ধারা ২২৮ এবং ফৌজদারি কার্যবিধির ধারা ৪৮০ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ উল্লেখ করে ফৌজদারি কার্যবিধির ধারা ৪৮০ অনুযায়ী আদালত আসামিকে তাৎক্ষনিক গ্রেফতারের নির্দেশ প্রদান করেন।

আসামি তার অপরাধের বিষয়ে কোন সন্তোষজনক জবাব দিতে না পারায় তাকে দন্ডবিধির ২২৮ ধারা এবং ফৌজদারি কার্যবিধির ৪৮০ ধারায় দোষী সাব্যস্ত করা হয়। অপরাধের গুরুত্ব বিবেচনায় তাকে ২০০ টাকা অর্থদন্ড অনাদায়ে ১০ দিনের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করে জেলখানায় পাঠানো হয়।

সোমবার সব বোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় মোখার প্রভাবে সোমবার (১৫ মে) অনুষ্ঠিত হতে যাওয়া সব বোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

রোববার (১৪ মে) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, বঙ্গোপসাগরে সৃষ্ট প্রবল ঘূর্ণিঝড় ‘মোখা’র কারণে চলমান এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩-এর কুমিল্লা শিক্ষা বোর্ড, যশোর শিক্ষা বোর্ড, চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বরিশাল শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন আগামী ১৫ মে ২০২৩ তারিখ সোমবার অনুষ্ঠিতব্য পরীক্ষাগুলো স্থগিত করা হয়েছিলো। তবে ১৫ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষার সব বোর্ডের প্রশ্ন অভিন্ন হওয়ায় উক্ত তারিখের সব বোর্ডের পরীক্ষা স্থগিত করা হলো।

এতে আরও বলা হয়েছে, স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে পরে জানিয়ে দেওয়া হবে। ১৬ মে ২০২৩ তারিখ থেকে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা যথারীতি চলবে।

এর আগে শনিবার (১৩ মে) সকালে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে দেশের ছয় শিক্ষাবোর্ডের অনুষ্ঠিতব্য রোববার ও সোমবারের এসএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছিলো।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]
[redacted]
[redacted]